16 FEB 2017

# জকিগঞ্জ সরকারি কলেজে ডিগ্রি কোর্স চালু করতে শিক্ষামন্ত্রীর নির্দেশ

■ সিলেট অফিস ও দক্ষিণ সুরমা সংবাদদাতা

অবশেষে সিলেটের জকিগঞ্জ সরকারি কলেজে ডিগ্রি কোর্স চালু করতে নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। গত সোমবার রাতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে শিক্ষামন্ত্রী এ নির্দেশ দেন। সূত্র জানায়, সীমান্তিকের প্রধান পৃষ্ঠপোষক ও যুবলীগের প্রেসিডিয়াম সদস্য ড. আহমদ আল কবীর সোমবার রাতে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সাথে দেখা করতে হেয়ার রোডের বাসায় যান।

এ সময় তার সাথে ছিলেন— জকিগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সভাপতি লোকমান উদ্দিন চৌধুরী এবং কাজলসার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জুলকার নাইন। এ সময় তারা শিক্ষামন্ত্রীকে জকিগঞ্জ সরকারি কলেজের বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন এবং কলেজে অনার্স কোর্স চালুর দাবি জানান। জবাবে শিক্ষামন্ত্রী প্রথমে কলেজে ডিগ্রি কোর্স চালু ও পরে অনার্স কোর্স চালুর আশ্বাস দেন।

আহমদ আল কবীর জানান, শিক্ষামন্ত্রী টেলিফোনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সাথে কথা বলেন। এ সময় তিনি জকিগঞ্জ সরকারি কলেজে ডিগ্রি কোর্স চালুর বিষয়ে তিন দিনের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেন।